# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**30-04-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) অতীতের সব রেকর্ড ভেঙে দিয়ে রাজ্য বিধানসভা নির্বাচনে এবার সার্বিকভাবে ৯২ শতাংশের বেশি ভোট পড়েছে।

২) মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করার জন্য সমস্ত রাজনৈতিক দল ভোট কর্মী, নিরাপত্তা বাহিনী এবং ভোটারদের অভিনন্দন জানিয়েছেন।

৩) ভোগ গণনা এবং ভোট পরবর্তী হিংসার আশঙ্কায় কলকাতা হাইকোর্টে জোড়া মামলা দায়ের হয়েছে।

৪) ICSE দশম ও ISC দ্বাদশ শ্রেণীর মেন পরীক্ষার ফলাফল প্রকাশিত।

ISC-তে ১-শো শতাংশ নম্বর পেয়ে দেশের মধ্যে প্রথম হয়েছেন উত্তর ২৪ পরগণার পানিহাটির সেন্ট জেভিয়ার্সের ছাত্রী অনুষ্কা ঘোষ।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আজও ঝড়-বৃষ্টির সম্ভাবনা। তাপমাত্রা কমায় স্বস্তিতে সাধারণ মানুষ।

oooooooooooooooooo

রাজ্যে, বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় সাতটি জেলার ১৪২-টি আসনে ৯২ দশমিক ৬/৭ শতাংশ ভোট পড়েছে।

সর্বাধিক ভোট পড়েছে **পূর্ব বর্ধমানে**– ৯৩ দশমিক ৮/৩ শতাংশ। সবচেয়ে কম ৮৭ দশমিক ৮/৪ শতাংশ ভোট পড়েছে কলকাতা দক্ষিণে।

**প্রথম দফার মতোই এপর্যায়েও মহিলাদের ভোটদানের হার বেশি। তবে সার্বিকভাবে ভোটদানের হার অতীতের সব রেকর্ড ভেঙে দিয়েছে। এখনও পর্যন্ত ২- দফা মিলিয়ে রাজ্যে ৯২ শতাংশের ওপর ভোট পড়েছে বলে খবর।**

দক্ষিণ ২৪ পরগণায় ৯৩ দশমিক ৪/৮, উত্তর ২৪ পরগণায় প্রায় ৯৩, হাওড়ায় ৯২ দশমিক ৫/৯, নদীয়ায় ৯২ শতাংশের কিছু বেশী, হুগলীতে প্রায় ৯২, কলকাতা উত্তরে- ৮৯ শতাংশের বেশী ভোট পড়ার খবর মিলেছে।

প্রথম দফা নির্বাচনে গত ২৩শে এপ্রিল রেকর্ড ৯৩ দশমিক ১/৯ শতাংশ ভোট পড়ে।

দ্বিতীয় দফায় **প্রার্থী ছিলেন** এক হাজার, ৪৪৮ জন। ভোটদাতার সংখ্যা- ৩’ কোটি ২১ লক্ষ ৭৫ হাজারের বেশী। কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ পর্ব ছিল, মোটের ওপর শান্তিপূর্ণ। গণনা চৌঠা মে ।

oooooooooooooooo

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচনে ভোটদান পর্ব অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারিক **মনোজ কুমার** আগরওয়াল জানিয়েছেন। কলকাতায় সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এই নির্বাচনে মৃত্যু বা বড়সর কোনো গন্ডগোল হয়নি। পাশাপাশি ভোট গ্রহণ কেন্দ্র থেকে কোনো রাজনৈতিক দলের পোলিং এজেন্টকে বের করে দেওয়া, বুথ জ্যামিং, ভয় দেখিয়ে ভোটদানে বাধা দেওয়ার মত কোনো ঘটনা’ও ঘটে নি। এজন্য তিনি সমস্ত রাজনৈতিক দল, ভোটের সঙ্গে সংশ্লিষ্ট কর্মী, নিরাপত্তা বাহিনী এবং ভোটদাতাদের অভিনন্দন জানিয়েছেন।

তবে, EVM মেশিনে আঠা ও টেপ লাগানোর সহ ৭৭ টি অভিযোগ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এসেছে, তার মধ্যে ২৩ টি অভিযোগ যাচাই করা হয়েছে বলে মুখ্য

নির্বাচনী আধিকারিক জানিয়েছেন। ফলতায়-৩২ টি, মগরাহাটে- ১৩ টি, ডায়মন্ড হারবারে ২৯’টি এবং বজবজ থেকে ৩’টি অভিযোগ পেয়েছে কমিশন। তবে কতগুলি বুথে পুননির্বাচন হবে, সেব্যাপারে সিদ্ধান্ত আজ নেওয়া হতে পারে বলে তিনি জানান।

( বাইট- মনোজ )

সাংবাদিক বৈঠকে উপস্থিতি রাজ্য পুলিশের নোডাল অফিসার আনন্দ কুমার জানান, গতকাল নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ১৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এছাড়াও, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে।

oooooooooooooooooo

আগামী চৌঠা মে বিধানসভা নির্বাচনের ভোট গণনাকে কেন্দ্র করে কলকাতা হাইকোর্টে জোড়া মামলা দায়ের হয়েছে। আইনজীবী ও সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং আইনজীবী বিশ্বরূপ ভট্টাচার্যের দায়ের করা মামলায় দাবি করা হয়েছে, গণনা কেন্দ্রের সুপার ভাইজার হিসেবে নির্বাচন কমিশন শুধুমাত্র কেন্দ্রীয় সরকারী কর্মীদেরই নিয়োগ করছে। একই সঙ্গে গণনা কেন্দ্রের স্থান বদল করা হচ্ছে বলেও তাঁর দাবি। কমিশনের এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করেই দায়ের হয়েছে মামলা। বিচারপতি কৃষ্ণা রাও জানিয়েছেন দুপুর ২-টোয় মামলা দায়ের প্রক্রিয়া সম্পন্ন হলে শুনানি গ্রহণ করতে পারেন।

এদিকে, ভোট পরবর্তী হিংসার আশঙ্কায় কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলাও দায়ের করা হয়েছে। মামলাকারীর বক্তব্য গণনার পর কেন্দ্রীয় বাহিনী চলে গেলে এবং বুথ ভিত্তিক কোন প্রার্থী কত ভোট পেয়েছেন, সেই তালিকা প্রকাশ হলে রাজ্যে হিংসার ঘটনা বৃদ্ধি পেতে পারে। যদিও এই মামলা দায়েরের জন্য দুই বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং অপূর্ব সিনহা রাও-এর বেঞ্চ ক্ষোভ প্রকাশ করেছেন। বেঞ্চ জানিয়েছে এবারের ভোটে কোন হিংসা হয়নি। মামলার বিষয়টি সম্পূর্ণ অনুমান ভিত্তিক। যদিও আগামী সোমবার এই মামলার শুনানি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০

দ্বিতীয় দফার ভোটের পরও রাজ্যে ৭০০ কোম্পানী কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী CAPF মোতায়েন রাখা হচ্ছে। নির্বাচন কমিশন গত ১৯শে মার্চ কেন্দ্রীয় বাহিনী নিয়ে বিজ্ঞপ্তি জারি করে। নিরাপত্তা এবং আইনশৃঙ্খলা রক্ষায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সিদ্ধান্ত বহাল থাকবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০

**পূর্ব বর্ধমানের** আউশগ্রামে শাসক দলের হুমকির মুখে পড়ে বিজেপির পোলিং এজেন্টরা গতকাল বুথেই আটকে পড়েন বলে অভিযোগ উঠেছে। গুসকরা পুরসভার ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের একাধিক বুথে এজেন্টরা বাইরে বের হতে পারেননি। পরে অনেক রাতে আউশগ্রাম বিধানসভার বিজেপি প্রার্থী বৃষ্টির মধ্যে বুথে বুথে ঘুরে পোলিং এজেন্টদের নিরাপদে বাইরে বের করে আনেন বলে জানা গেছে। যদিও এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্রে মঠেরদীঘি এলাকার ২৫৭ নম্বর বুথে বিজেপি কর্মী সমর্থকদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনায় অন্ততঃ পাঁচ জন বিজেপি কর্মী জখম হন। এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। তাঁকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার প্রতিবাদে, অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বিজেপি কর্মী-সমর্থকরা বারুইপুর পুলিশ সুপারের অফিসের সামনে গতরাতে ধর্নায় বসেন।

০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "অষ্টাদশ বিধানসভা ভোট ও ভারতের নির্বাচন কমিশন" এই বিষয়ে সাংবাদিক অমল সরকারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০

ICSE দশম ও ISC দ্বাদশ শ্রেণীর মেন পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। দুটি পরীক্ষাতেই পাশের হারে এগিয়ে রয়েছে ছাত্রীরা। ISC-তে দেশের মধ্যে প্রথম হয়েছেন উত্তর ২৪ পরগণার পানিহাটির সেন্ট জেভিয়ার্স স্কুলের ছাত্রী অনুষ্কা ঘোষ। ৪-শোর মধ্যে ৪-শোই পেয়েছেন তিনি।

আই এস সি-তে সার্বিক পাশের হার ৯৯ দশমিক এক তিন শতাংশ। এর মধ্যে মেয়েদের পাশের হার ৯৯ দশমিক চার আট  এবং ছেলেদের পাশের হার ৯৮ দশমিক আট এক শতাংশ।

ICSE-তে পাশের হার ৯৯ দশমিক এক আট শতাংশ। এরমধ্যে ছাত্রীদের পাশের হার ৯৯ দশমিক চার ছয় শতাংশ । ছাত্রদের মধ্যে প্রায় ৯৯ শতাংশ উত্তীর্ণ হয়েছে।

সব মিলিয়ে ২ লক্ষ ৫৮ হাজারের বেশি পরীক্ষার্থী ICSE ও ১ লক্ষ ৩ হাজারের বেশি ISC পরীক্ষা দিয়েছিলেন।

cisce.org এবং result.cisce.org ওয়েবসাইটে ও 'ডিজি লকার' পোর্টালে রেজাল্ট দেখা যাচ্ছে ছাত্রছাত্রীরা। পরীক্ষার ফল পুনর্মূল্যায়নের জন্য আগামীকাল থেকে চৌঠা মে পর্যন্ত আবেদন জানানো যাবে। ফের পরীক্ষা দেওয়ার জন্য রি-রেজিস্ট্রেশন করতে হবে। ৮ থেকে ১৪-ই মে-র মধ্যে। রিভিউ-এর ফল প্রকাশিত হবে জুনের প্রথম সপ্তাহে।

oooooooooooooooooo

জলপাইগুড়ির রানিচেরা চা-বাগান সংলগ্ন ফ্লাই ওভারে পথ দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয়েছে। গুরুতর আহত আরও ২ জন। জানা গেছে, টোটোয় চেপে বাড়ি ফেরার সময় পেছন দিক থেকে একটি পিকাপ ভ্যান সেটিকে ধাক্কা মারে। গুরুতর আহত অবস্থায় দাহেস হাপুয়া, অজিন কুজুর ও জিব্রানুস খালকো-কে হাসপাতালে নিয়ে যাওয়া হলে দাহেসের মৃত্যু হয়। বাকি দু-জনের চিকিৎসা চলছে। মালবাজার থানার পুলিশ পিকাপ ভ্যান সহ চালককে আটক করেছে।

oooooooooooooooooo

কলকাতার উল্টোডাঙ্গা ফ্লাইওভারের ওপর একটি মোটরবাইক নিয়ন্ত্রণ হারিয়ে, ডিভাইডারে ধাক্কা মারলে, দুই বাইক আরোহী গুরুতর আহন হন।

পুলিশ তাঁদের উদ্ধার করে আর জি কর হাসপাতালে ভর্তি করে। পরে একজনের অবস্থার অবনতি হওয়ায় তাঁকে SSKM-এএবং অন্যজনকে একটি বেসরকারি নার্সিংহোমে স্থানান্তরিত করা হয়েছে।

oooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে উত্তর কাশীপুর থানা এলাকায় ভোগালিতে পুলিশ আজ সাতটি বোমা উদ্ধার করেছে। স্থানীয়রা মাঠের মধ্যে বোমা ভর্তি ব্যাগ দুটি দেখতে পেয়ে পুলিশে খবর দেন। পুলিশ গিয়ে এলাকা ঘিরে রাখে। খবর পাঠানো হয়েছে বোমস্কোয়াডকে।

ooooooooooooooooo

মালদার গাজোলে পুকুর খননের সময় আজ সকালে মাটির নিচ থেকে জেসিবির ফলায় উঠে এল আস্ত এক প্রাচীন প্রস্তর মূর্তি। জানা গেছে, গত কয়েক দিন ধরেই, গাজোল ব্লকের শাহজাদপুর গ্রাম পঞ্চায়েতের ভালুকডাঙা এলাকায় একটি পুকুর খননের কাজ চলছে। ঘটনার কথা জানতে পেরে গ্রামবাসীরা ঘটনাস্থলে ভিড় জমান। প্রাচীন প্রস্তর মূর্তিটিকে ধুয়েমুছে পরিষ্কার করে দেখা যায় মূর্তিটি বিষ্ণু দেবতার মূর্তিটিকে ঘিরে শুরু হয় পুজোপাঠ । এই খবর জানতে পেরে গাজোল থানার পুলিশ মূর্তিটি উদ্ধার করে থানায় নিয়ে যায় বলে খবর।

oooooooooooooooooo

বঙ্গোপসাগর থেকে স্থলভাগে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। গত সন্ধ্যার পর থেকে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির ফলে রেহাই মিলেছে ঘর্মাক্ত অস্বস্তিকর আবহাওয়া থেকেও। দক্ষিণবঙ্গে গতকাল সব থেকে বেশি বৃষ্টি হয়েছে হাওড়ার আমতায় ৯৭ দশমিক ১ মিলিমিটার। পশ্চিম মেদিনীপুরের কলায়কুন্ডাতে ৭৬ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আলিপুরে ২৪ ঘন্টায় ৫৪ এবং সল্টলেকে ৬৩ মিলিমিটার বৃষ্টির খবর মিলিছে। কলকাতার বেশকিছু রাস্তায় গতরাতে প্রবল বৃষ্টির ফলে জল জমে যায় এবং দমকা হাওয়ায় গাছের ডাল ভেঙে পড়ে । এরফলে ভোট শেষে কর্মীদের গন্তব্যস্থলে পৌঁছতেও অসুবিধার মধ্যে পড়তে হয়। বৃষ্টির ফলে এক ধাক্কায় তাপমাত্রার পারদ নিম্নমুখী।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৫ দশমিক ৮ ডিগ্রি কম। আজও সকাল থেকে কলকাতা এবং দক্ষিণ ২৪ পরগনায় বিস্তীর্ণ অংশে বৃষ্টি শুরু হয়েছে। অন্যান্য জেলাতেও আকাশ মেঘলা। আজ সারাদিনই উত্তর ২৪ পরগনা ও পূর্ব বর্ধমান জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলাতে রয়েছে অতি ভারী বৃষ্টি এবং দার্জিলিং কোচবিহার ও কালিম্পং জেলায় ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

মৎস্যজীবীদের আগামী ৩ তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ঝড় বৃষ্টির জেরে পূর্ব মেদিনীপুরের ভগবানপুর এলাকায় গতসন্ধ্যায় একাধিক বিদ্যুতের খুঁটি ভেঙে পড়ে। এর ফলে বিস্তীর্ণ এলাকা বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন। বেশ কয়েকটি কাঁচা বাড়ি
ক্ষতিগ্রস্ত হয়েছে।

ঝোড়ো বাতাস ও বৃষ্টির কারণে ভগবানপুর, পটাশপুর, খেজুরি, নন্দীগ্রামের ধান চাষীরা বিপুল ক্ষয়ক্ষতির আশঙ্কা করছেন।

০০০০০০০০০০০০০০০০০

অসময়ে বৃষ্টির ফলে মালদা জেলায় লিচুর ফলন ক্ষতির মুখে পড়েছে। জেলা উদ্দান পালন দফতরের আধিকারিক সামন্ত লায়েক জানিয়েছেন, গত অক্টোব, নভেম্বর মাসে বৃষ্টির

ফলে মালদায় লিচুর ফলন ৫০ শতাংশের বেশি কমে গেছে। স্বাভাবিকভাবে এবছর লিচুর দাম অনেকটাই চলা হবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০